গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

স্মারক নম্বর ৪১.০০.০০০০.০১৬.১১.০০১.২১.১১৫৪

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের শূন্য পদে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত জেলাসমূহের প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://msw.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না। সরকারি নির্ধারিত ফরমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>(১৩তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০৪টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) সাঁটলিপি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি: ৭০ শব্দ,বাংলা: ৪৫ শব্দ<br>কম্পিউটার মুদ্রাক্ষর গতি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি: ৩০ শব্দ,বাংলা: ২৫ শব্দ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | ক্যাশিয়ার<br>(হিসাব কোষের জন্য)<br>১০২০০-২৪৬৮০/-<br>(১৪তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি ;<br>খ) কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>(১৬তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ০২টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা | |
| ৪. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>(২০তম গ্রেড)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ১৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, সিলেট ও মৌলভীবাজার জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

২. নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরমপূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ০৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর । মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের বয়স ১৮-৩০ বছর। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/ সর্বশেষ প্রজ্ঞাপন/ প্রযোজ্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

গ. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

i) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে ) সনদের সত্যায়িত কপি;

ii) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি;

iii) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

iv) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র;

v) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র।

vi) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ঘ. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঙ. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. অনলাইনে http://msw.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি: সকাল ১০.০০ টায়।

খ. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৯ অক্টোবর ২০২২ খ্রি: বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

গ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300x প্রস্থ 300) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য 300x প্রস্থ 80) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঘ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant' s copy পাবেন। যদি Applicant' s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পন্ন কালো/সম্পন্ন সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant' s copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২টি sms করে ১, ২ ও ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকা সহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৪ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকা সহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা এবং অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**SMS এর নিয়মাবলী:**

প্রথম SMS: **MSW**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MSW ABCDEF Reply: Applicant's Name, TK 112/56 will be charged as application fee. Your PIN নং-**12345678.** To Confirm fee Type MSW <Space>YES<Space>PIN and Send to **16222**.

**দ্বিতীয় SMS: MSW**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MSW YES **12345678**

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for MSW Application for the post of xxxxxxxxxxxxxx, User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://msw.teletalk.com.bd অথবা, MSW Website: www.msw.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID জানা থাকলে : MSW**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **MSW HELP USER ABCDEF**

**PIN Number জানা থাকলে : MSW**<space>**Help**<space>**PIN**<space>**PIN NO** & Send to 16222.
Example: **MSW HELP PIN 12345678**

ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট) পত্রিকা ছাড়াও মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.msw.gov.bd এর নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.msw.gov.bd ওয়েবসাইট এবং নোটিশবোর্ড হতে জানা যাবে।

ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা ই-মেইলে alljobs.query@teletalk.com.bd বা **sa@msw.gov.bd** এবং **sasadmin1@msw.gov.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: MSW, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৪. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৫. ক্যাশিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" মোতাবেক সকল বিধি-বিধান পালন করা হবে। ।

৬. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৭. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৯. কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯/০৯/২০২২ খ্রি.
সৈয়দ মেহদী হাসান
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সমাজকল্যাণ মন্ত্রণালয়